

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।
shariatpurgovcollege1978@gmail.com
www.sgc.college.gov.bd

তারিখ : ০১-০৯-২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

শরীয়তপুর সরকারি কলেজের বিভাগীয় প্রধান ও অন্যান্য শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে কলেজের বিভিন্ন সময়ে একাডেমিক কাউন্সিল সভার আলোচনা ও সিদ্ধান্ত এবং শিক্ষক পরিষদ সভার আলোচনা ও সিদ্ধান্তের ভিত্তিতে সর্বজনীন ও গুণগত শিক্ষা প্রসার ও সরকারি বিভিন্ন নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে কলেজের সকল শিক্ষক ও কর্মচারীবৃন্দের সহযোগিতা ও ঐক্যবদ্ধ প্রয়াস প্রয়োজন। এ মর্মে কলেজের বিভিন্ন একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম যথাযথভাবে এবং আরো ফলপ্রসূভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের উদ্দেশ্যে নিম্নোক্ত বিষয়গুলো উপস্থাপন করা হলো ঃ

১। উচ্চ মাধ্যমিক শ্রেণির তত্ত্বীয় ক্লাস এবং ব্যবহারিক ক্লাস সমূহ রুটিন মোতাবেক যথাযথভাবে অনুষ্ঠিত হতে হবে। এ বিষয়ে কোনোরকম ব্যত্যয় হলে সংশ্লিষ্ট শিক্ষক দায়ী থাকবেন।

২। কলেজের স্মারক নং-৩৭.১০.৮৬৬৯.০০০.০০.০০০.২৬-৩৬৪; তারিখ: ০৯ জুন ২০২৬ মোতাবেক অফিস আদেশে গঠিত ভিজিলেন্স টিমের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকবৃন্দকে যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে।

৩। কলেজে বিভিন্ন সভায় সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তাবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকতে হবে।

৪। একাডেমিক বিভাগসমূহের বারান্দার কলাবসিবল গেইট, বিভাগীয় অফিস, সেমিনার কক্ষ এবং শ্রেণিকক্ষে সকাল ০৮:৩০ মিঃ এর মধ্যে আবশ্যিকভাবে খুলতে হবে।

৫। সকাল ০৯:০০মিঃ এর মধ্যে শরীয়তপুর সরকারি কলেজে কর্মরত সকলকে কলেজে উপস্থিত থাকতে হবে।

৬। একাডেমিক বিভাগের ও কেন্দ্রীয়ভাবে গঠিত কমিটির মাধ্যমে পরিচালিত পরীক্ষাসমূহ যথাযথ ও কার্যকরভাবে গ্রহণ ও প্রযোজ্য ক্ষেত্রে ফলাফল ঘোষণা করতে হবে।

৭। শিক্ষক কর্তৃক প্রতিটি শ্রেণির কার্যক্রমেরই শিক্ষার্থীদের উপস্থিতি গ্রহণ করতে হবে।

৮। ক্লাসের জন্য রুটিন মোতাবেক নির্ধারিত সময় পর্যন্ত শ্রেণিকক্ষে শিক্ষককে উপস্থিত থাকতে হবে।

৯। প্রত্যেক শিক্ষককে নিজস্ব ব্যবস্থাপনায় পাক্ষিক ভিত্তিতে ক্লাস টেস্ট গ্রহণ করে ফলাফল প্রকাশ করতে হবে।

১০। অভ্যন্তরীণ পরীক্ষা ও পাবলিক পরীক্ষার প্রত্যবেক্ষকবৃন্দকে উত্তরপত্রের সাথেই পরীক্ষার হলে প্রবেশ করে পরীক্ষা সুশৃঙ্খলভাবে সমাপ্ত করতে হবে। শুধু এককভাবে কর্মচারী দিয়ে পরীক্ষা কক্ষে উত্তরপত্র প্রেরণ করা যাবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটিকে তদারকি করতে হবে।

১১। পরীক্ষা শেষে ওএমআর এবং উত্তরপত্র প্রত্যবেক্ষকবৃন্দকে স্ব-শরীরে পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষে কমিটিকে বুঝিয়ে দিতে হবে।

১২। পাবলিক পরীক্ষার নির্দিষ্ট সময়ের পূর্বে কোনোক্রমেই ওএমআর ছিঁড়ে আলাদা করা যাবে না। এ বিষয়ে কোনো জটিলতা সৃষ্টি হলে দায়িত্বপ্রাপ্ত প্রত্যবেক্ষকবৃন্দ দায়ী থাকবেন।

১৩। শরীয়তপুর সরকারি কলেজে অধ্যয়নরত যে সকল শিক্ষার্থী ন্যূনতম ৬০% ক্লাসে উপস্থিত থাকবে না তাদের বিরুদ্ধে করণীয় :

ক) অনার্স-মাস্টার্স পর্যায়ে (বিভাগীয় ব্যবস্থাপনায়) একাডেমিক বিভাগ কর্তৃক ঐ সকল শিক্ষার্থীদের অভিভাবকবৃন্দের স্ব-শরীরে উপস্থিতিসহ অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে।

১) নন কলিজিয়েট শিক্ষার্থীদের সাথে মোবাইলের মাধ্যমে যোগাযোগ করে একাধিক (সময়ে সময়ে) নির্দেশনা সভা করতে হবে।

খ) উচ্চ মাধ্যমিক ও স্নাতক (পাস) পর্যায়ে :

১। কেন্দ্রীয়ভাবে একাধিক অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হবে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত সকলকে নির্ধারিত দায়িত্ব পালন করতে হবে।

২। কলেজে দায়িত্বপ্রাপ্ত গাইডটিচারবৃন্দকে এ বিষয়ে যথাযথ সহযোগিতা করতে হবে।

১৪। অনার্স-মাস্টার্স পর্যায়ের শিক্ষার্থীদের ধারাবাহিক মনিটরিং, প্রেষণা ও নিয়ন্ত্রণের জন্য প্রতিটি বিভাগ কর্তৃক নির্দিষ্ট শিক্ষককে নির্দিষ্ট বর্ষের দায়িত্ব প্রদানের বিভাগীয় অফিস আদেশ অধ্যক্ষ, শরীয়তপুর সরকারি কলেজের প্রতিস্বাক্ষরে জারি করতে হবে।

১৫। কলেজে কর্মরত সকল শিক্ষক ও কর্মচারীবৃন্দকে সামাজিক যোগাযোগ মাধ্যম ও কলেজের বিভিন্ন গ্রুপ (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর) ব্যবহারের ক্ষেত্রে সরকারি নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। এ বিষয়ে সরকারি নির্দেশনা ব্যত্যয়কারী নিজেই দায়ী থাকবেন।

উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০১/৯/২৬

(প্রফেসর মোঃ ফজলুল হক)
আইডি নং-১৯০২
অধ্যক্ষ
শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।
মোবাইল : ০১৩২৬৭৭৯১৯৬

H:\ALL IN ALL\ALL- NOTICE\Acadamic & Teacher Councal notic\একাডেমিক কাউন্সিলের রেগুলেশন.docx

CamScanner